১১ এপ্রিল ২০২৩

# তথ্য পাওয়ার আবেদন ফর্ম সম্পর্কিত প্রশিক্ষণ (রিফ্রেসার্স কোর্স)

**উপস্থাপনায়ঃ**

শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক কার্যালয়
তোপখানা, সিলেট
মোবাইলঃ ০১৭৭৭-৪০০-৯৫৯
ই-মেইলঃ ashaheen11921@gmail.com
uddsylhet@yahoo.com
sps@udd.gov.bd

Content: Collected

# উপস্থাপনার রূপরেখা

১। তথ্য পাওয়া বিষয়ে বাংলাদেশের সংবিধান কি বলেছে

২। তথ্য অধিকার আইন ২০০৯ এর বিশেষত্ব

৩। তথ্য প্রদান কি কি বিষয় নিশ্চিত করে

৪। কোনগুলো তথ্য, কোনগুলো নয়

৫। কারা তথ্য দিতে আইনগত বাধ্য

৬। তথ্যের জন্য আবেদনের ধাপসমুহ ও আবেদন ফর্ম

৭। তথ্যের মূল্য

# বাংলাদেশের সংবিধান কী বলছে..

- ৭ অনুচ্ছেদ- জনগন প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক

- অনু-৩৯- চিন্তা বিবেক ও বাকস্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার

# তথ্য অধিকার আইন ২০০৯ এর বিশেষত্ব:

- **জনগনের আইন**- সকল আইন জনগণের ওপর প্রয়োগ হয় কিন্ত এটি জনগন কর্তৃক সরকারের ওপর
- উকিল নিষ্প্রয়োজন
- ব্যক্তি নিজেই প্রয়োগ করতে পারে
- ছাই দিয়ে মাছধরার মতো তথ্য পাওয়ার পদ্ধতি

# তথ্য প্রদান কি কি বিষয় নিশ্চিত করে...

## তথ্য প্রদান কেন/উদ্দেশ্যসমুহ কি কি??


- স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত
- দুর্নীতি প্রতিরোধ
- সুশাসন নিশ্চিতকরনের মাধ্যমে

জনগনের ক্ষমতায়ন

# একই সাথে...

- আইনের শাসন
- মৌলিক মানবাধিকার
- ন্যায় বিচার প্রতিষ্ঠা
- সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার নিশ্চিতকরন
- গনতন্ত্রের জন্যও তথ্য জানা অপরিহার্য

# কোনগুলো তথ্য, কোনগুলো নয়



# তথ্য . . .

| | |
|---|---|
| ○ প্রতিবেদন<br>○ হিসাব বিবরনী<br>○ প্রকল্প প্রস্তাব<br>○ আলোকচিত্র<br>○ অডিও<br>○ ভিডিও | ❖ অংকিতচিত্র<br>❖ ফিল্ম<br>❖ ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুত ইনস্ট্রুমেন্ট<br>❖ যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি<br>❖ অন্য যে কোন তথ্যবহ বস্তু বা প্রতিলিপি |

## তবে নিম্নের গুলো তথ্য নয়...

- দাপ্তরিক নোট সিট
- নোট সিটের প্রতিলিপি

# কারা তথ্য দিতে বাধ্য...

- সংবিধান অনুযায়ী সৃষ্ট সংস্থা- জাতীয় সংসদ,নির্বাহী বিভাগ,বিচার বিভাগ,নির্বাচন কমিশন,সিএজি অফিস,পিএসসি ইত্যাদি
- সরকারের কোন মন্ত্রনালয়,বিভাগ,কার্যালয় এবং অধীনস্ত অধিদপ্তর/ দপ্তরের উপজেলা পর্যন্ত সকল অফিস
- অন্যান্য সকল সরকারী ও বেসরকারী সংস্থাসমুহ

# তথ্যের জন্য আবেদনের ধাপসমূহ ও আবেদন ফর্ম

## জনগণ কিভাবে তথ্য পাবে?

Edited

### তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা-৮ : তথ্য প্রাপ্তির অনুরোধ

(১) কোনো ব্যক্তি তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যমে বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন।

(২) অনুরোধে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ থাকতে হবে ঃ-

(অ) আবেদনকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল ও স্পষ্ট ধারণা;

(ই) অনুরোকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য তথ্যাবলি;

(ঈ) কোন্ পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি দেয়া, নোট দেয়া বা অন্য কোনো অনুমোদিত পদ্ধতি।

(৩) তথ্য প্রাপ্তির অনুরোধ কর্তৃপক্ষ কর্তৃক মূদ্রিত ফরমে বা নির্ধারিত ফরমেটে হতে হবে ঃ

তবে ফরম মূদ্রিত বা সহজলভ্য না হলে কিংবা ফরমেট নির্ধারিত না হলে সাদা কাগজে বা ইলেক্ট্রনিক মাধ্যমে বা ই-মেইলেও অনুরোধ করা যাবে।

[ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৩ মোতাবেক 'ক' ফরম পূরণ করে আবেদন করতে হবে।]

# ফরম 'ক'

## তথ্য প্রাপ্তির আবেদনপত্র

[ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৩ দ্রষ্টব্য ।]

বরাবর

------------------------------(নাম ও পদবি)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,

------------------------------------(দপ্তরের নাম ও ঠিকানা)

১ । আবেদনকারীর নাম : ---------------------------

পিতার : ---------------------------

মাতার নাম : ----------------------------

বর্তমান ঠিকানা : ----------------------------

স্থায়ী ঠিকানা : ----------------------------

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল নম্বও (যদি থাকে) : ----------------------------

২ । কী ধরনের তথ্য * (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) : ----------------------------

৩ । কোন্ পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ ফটোকপি)
লিখিত/ ই-মেইল/ ফ্যাক্স/ সিডি অথবা অন্য কোনো পদ্ধতি) : ----------------------------

৪ । তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : ----------------------------

৫ । প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা : ----------------------------

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের তারিখ : -------------------------

* তথ্য অধিকার/ তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য ।

(৪) অনুরোধকারীকে নির্ধারিত যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে।

(৫) সরকার, তথ্য কমিশনের সাথে পরামর্শক্রমে এবং সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, তথ্য প্রাপ্তির অনুরোধ ফিস এবং প্রয়োজনে তথ্যের মূল্য নির্ধারণ করে দিতে পারবে। কোন্ ব্যক্তি বা ব্যক্তি শ্রেণিকে কিংবা যে কোনো শ্রেণির তথ্যকে উক্ত মূল্য প্রদান হতে অব্যহতি প্রদান করতে পারবে।


(৬) প্রত্যেক কর্তৃপক্ষ তথ্য কমিশনের নির্দেশনা অনুসরণে বিনামূল্যে যে সকল তথ্য সরবরাহ করা হবে তার একটি তালিকা প্রস্তুত করে প্রকাশ ও প্রচার করবে।

# তথ্যের মূল্য

## তথ্য অধিকার বিধিমালার তফশিল ‘ঘ’ ফরমের মাধ্যমে তথ্যের মূল্য নির্ধারণ

| ক্রম | তথ্যের বিবরণ | ফি/ তথ্যের মূল্য |
|---|---|---|
| ১। | লিখিত কোনো ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) হারে এবং তদুর্ধ্ব সাইজের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য। |
| ২। | ডিক্স, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদনকারী কর্তৃক ডিক্স, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনা মূল্যে।<br>(২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিক্স, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে প্রকৃত মূল্য। |
| ৩। | কোনো আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে। |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনার নির্ধারিত মূল্য। |

প্রশ্ন??????????



# THANKS for listening……